



জুলাই সনদ বাস্তবায়ন আদেশ এখনই জারি করতে হবে: আব্দুল্লাহ মোহাম্মদ তাহের



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর নায়েবে আমীর ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের বলেছেন, জুলাই সনদ বাস্তবায়নে আর দেরি করা যাবে না। তিনি প্রধান উপদেষ্টার উদ্দেশে বলেন, “আজ বা আগামীকালের মধ্যেই বাস্তবায়ন সংক্রান্ত আদেশ জারি না হলে জনগণের আস্থা নষ্ট হতে পারে।”

বৃহস্পতিবার (৩০ অক্টোবর) বিকেলে এক জরুরি সংবাদ সম্মেলনে তিনি এ আহ্বান জানান।

তাহের বলেন, নির্বাচন পূর্ব সংস্কার প্রক্রিয়া শেষ করে জুলাই সনদকে আইনগত ভিত্তি দেওয়া এখন সময়ের দাবি। তার ভাষায়, “আমরা ফেব্রুয়ারিতেই জাতীয় নির্বাচন চাই, তবে গণভোট ও নির্বাচনের আয়োজন একসঙ্গে হওয়া উচিত নয়—গণভোট অবশ্যই নির্বাচনের আগে অনুষ্ঠিত হতে হবে।”

তিনি আরও বলেন, “একটি দল অভিযোগ তুলেছে যে তাদের ভিন্নমত (নোট অব ডিসেন্ট) গ্রহণ করা হয়নি। কিন্তু ঐকমত্য কমিশন সংখ্যাগরিষ্ঠ দলের সিদ্ধান্ত অনুযায়ী পদক্ষেপ নিয়েছে। যদি ভিন্নমত অন্তর্ভুক্ত করতে হয়, তাহলে প্রতিটি বিষয়ে আলাদা করে ভোটাভুটি করতে হবে।”